



বরিশালে : গণশিক্ষা কার্যক্রমে লেখাপড়া শিখছেন বয়স্ক নারীরা - জনকণ্ঠ

বরিশালে শুরু হচ্ছে গণশিক্ষা কার্যক্রম চলছে জরিপ

স্টাফ রিপোর্টার, বরিশাল । সরকারী উদ্যোগে জেলার ৫ উপজেলায় শুরু হচ্ছে গণশিক্ষা কার্যক্রম।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, এ কার্যক্রম বাস্তবায়নের জন্য ইতোমধ্যে কমিটি গঠন করে জরিপ কাজ শুরু করা হয়েছে। এর মাধ্যমে বরিশালের নিরক্ষর প্রায় এক লাখ যুব নারী ও পুরুষ পাবেন শিক্ষার আলো। শুধু স্বাক্ষর জানই নয়, নিশ্চিত হবে জীবনমুখী শিক্ষা। যার মাধ্যমে ওই সকল নিরক্ষর নারী-পুরুষ লিখতে, পড়তে ও হিসাব-নিকাশ করতে

প্রায় এক লাখ
নারী পুরুষ
পাবেন শিক্ষা

পারবে। হুজুতে জরিপ কার্য পরিচালনা করছে উপ-আনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো। সেই শিক্ষার্থীর উপর ভিত্তি করে শিক্ষা কেন্দ্র স্থাপন করা হবে। প্রতি উপজেলায় সর্বোচ্চ ৩০০টি কেন্দ্র স্থাপন করা হবে। কার্যক্রমটি পরিচালনা করবে ৫ উপজেলায় ৫টি

বেসরকারী উন্নয়ন সংস্থা। নারীরা বিকেলে অবসর সময়ে এ শিক্ষা গ্রহণ করবে এবং পুরুষরা রাতে। প্রতি কেন্দ্র থেকে ৩০ জন নারী ও ৩০ জন পুরুষ শিক্ষা গ্রহণ করতে পারবে।

জেলা উপ-আনুষ্ঠানিক শিক্ষা কমিটির সদস্য সচিব ও উপ-আনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো বরিশালের সহকারী পরিচালক বিমল হালদার জানান, মৌলিক স্বাক্ষরতা প্রকল্প

২০১৮ সালের জুন মাসে শেষ হবে। প্রতি কেন্দ্রের ৬ মাস মেয়াদী শিক্ষা কার্যক্রম পর্যায়ক্রমে

এক উপজেলার পর অন্য উপজেলায় করা হবে। তিনি বলেন, যারা ক্লাস ওয়ান বা টুতে পড়াশুনা করেই উপার্জনে অথবা কোন পড়াশুনার সুযোগ পাননি তারা এ শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন।

এ ব্যাপারে জেলা উপ-আনুষ্ঠানিক শিক্ষা কমিটির আহ্বায়ক ও জেলা প্রশাসক মোঃ শহীদুল আলম বলেন, সরকারের এমন মহতি উদ্যোগ যাতে যথার্থ ব্যবহার হয় সে ব্যাপারে আমরা সচেষ্ট। শুধু জ্ঞানই নয় জীবনবোধ শিক্ষাই এ কার্যক্রমের মূল লক্ষ্য।